# বুলেটিন

জানুয়ারি-২০২৪






শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল
কেপিজে বিশেষায়িত হাসপাতাল

সি/১২, তেঁতুইবাড়ি, কাশিমপুর, গাজীপুর। ওয়েব: www.sfmmkpjsh.com



## উপদেষ্টা মন্ডলী

**মোহাম্মদ তৌফিক বিন ইসমাইল**
প্রধান নির্বাহী কর্মকার্তা

**ডাঃ রাজিব হাসান**
পরিচালক, মেডিকেল সার্ভিস

**নূর আদিলা বিনতি শুইব**
প্রধান অর্থনৈতিক কর্মকর্তা

**রুজিতা মোহাম্মদ দান**
প্রধান নার্সিং কর্মকর্তা

## মুখ্য-সম্পাদক

**ডাঃ সাবরিনা হোসেন**
কনসালটেন্ট, নাক কান গলা রোগ বিশেষজ্ঞ

## সহ -সম্পাদক

**ডাঃ মোদাস্‌সির হোসেন শাফী**
ডেন্টাল সার্জন

## সদস্য

**রনি চক্রবর্তী**
**বিকাশ চন্দ্র ঘোষ**



**Mohd Taufik Bin Ismail**
Cheif Executive Officer
SFMMKPJSH & NC

## Welcome to a Decade of Caring and a New Year of Hope!

Assalamualaikum & Warm Greetings to All!
A warm embrace to all our dedicated staff at Sheikh Fazilatunnessa Mujib Memorial KPJ Specialized Hospital & Nursing College. As we step into the crisp embrace of the New Year, our hearts brim with a dual sense of celebration. Today, we not only welcome the fresh possibilities that 2024 brings, but we also proudly commemorate a momentous milestone – our 10th anniversary of serving the community with unwavering compassion and medical excellence! A decade ago, we embarked on this journey with a shared vision: to be the preferred healthcare provider and to create a haven of healing, where every life entrusted to our care would be treated with dignity, respect, and the most advanced medical expertise. Alhamdulillah, ten years later, as we stand tall amidst the challenges and triumphs, we are humbled by the countless lives we have touched, the families we have supported, and the hope we have kindled in the face of adversity. This journey wouldn't have been possible without each and every one of you. From our skilled doctors and nurses to our ever-supportive administrative staff, cleaners, and volunteers, you are the beating heart of this hospital. Your dedication, skill, and unwavering commitment to patient care have not only shaped our success but also etched an indelible mark on the lives of countless individuals. As we celebrate this momentous occasion, let us also turn our eyes to the horizon of the New Year. It beckons us with a promise of new beginnings, fresh opportunities, and the chance to further elevate the standards of healthcare in our community. We will continue to invest in cutting-edge technology, refine our medical practices, and foster an environment of continuous learning and growth for our staff. But at the core of everything we do, will always remain the human touch. The kind smile that eases a worried brow, the gentle hand that offers comfort, the unwavering dedication that fights for every precious life – these are the values that define us, and they will continue to guide us as we step into the next chapter of our journey. So, let us raise a toast to the heroes in scrubs and gowns, the angels of mercy who walk these hallowed halls. May the New Year bring you joy, fulfillment, and the strength to continue your noble mission of healing and hope. You are the Wind beneath the Wings of our hospital to fly high against the sky, so high until we can touch the sky! From the bottom of our hearts, thank you, thank you for being a part of our family. Happy 10th anniversary, and Happy New Year!

With deepest gratitude,
The Management of Sheikh Fazilatunnessa Mujib Memorial KPJ Specialized Hospital & Nursing College




# ডা. রাজীব হাসান

হেপাটোবিলিয়ারি এবং ব্যারিয়াট্রিক সার্জারী বিশেষজ্ঞ

## শুধুমাত্র সৌন্দর্য নয়, রোগ নির্মুল এবং নিয়ন্ত্রণের এর জন্য অত্যাবশকীয় ওজন কমানোর সার্জারী।

স্থুলতা বা অবেসিটি আমাদের বর্তমান সময়ে সবচেয়ে আলোচিত এবং সমালোচিত একটি শব্দ। শরীরের নানাবিধ জটিলতার এক অন্যতম আবর্তক হিসেবে মনে করা হয় এই স্থূলতা বা অতিরিক্ত মেদ চর্বির উপস্থিতি। বর্ত্মানে খাদ্যাভ্যাস পরিবর্তন এবং বেয়াম এর পাশাপাশি, সার্জারীর মাধ্যমে রোগীর শরীরের অতিরিক্ত ওজন নিয়ন্ত্রণের নানাবিধ পদ্ধতি সারা বিশবে বেশ জনপ্রিয়। এর জন্য প্রয়োজন হয় সঠিক গাইডলাইন এবং শারীরিক, মানসিক প্রস্তুতি। বাংলাদেশের সাস্থ্য বিভাগও স্থুলতা কে অন্যতম প্রধান পাবলিক হেলথ কনসার্ন হিসেবে ঘোষণা করেছেন। শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতাল এর অংশ হিসেবে সম্প্রতি ওয়েট ম্যানেজমেন্ট প্রোগ্রাম চালু করেছে। এতে থাকছে মেডিসিন, এন্ডক্রাইন ও হরমোন রোগ বিশেষজ্ঞ, ডায়েটেশিয়ান এবং ফিজিওথেরাপিস্টের সমন্বয়ে গঠিত এক বিশেষজ্ঞ টিম যারা কীনা কাজ করবে রোগীর অতিরিক্ত ওজন নিয়ন্ত্রণে এর কারণ খুজে বের করে যথাযথ ব্যবস্থা নেয়ার। সম্প্রতি অত্র হাসপাতালে ওজন কমানোর সার্জিক্যাল মেথড হিসেবে ব্যারিয়াট্রিক সার্জারী শুরু করা হলো।






Dr. Razeeb Hassan



Dr. J M.H. Qausar Alam



Dr. Anas Ahmed

মিস সালমা (ছদ্মনাম) ২৯ বছর বয়সী একজন ভদ্র মহিলা, তার শরীরের অতিরিক্ত ওজন আর স্থুলতার কারণে নানাবিধ শারীরিক জটিলতার পাশাপাশি মানসিক ভাবেও অবসাদগ্রস্ত থাকতেন। তিনি তার পছন্দসই জামা কাপড় পরতে পারতেন না, ঘুরতে যেতে পারতেন না। এমনকি অতিরিক্ত স্থুলতার জন্য বিয়ের মতো গুরুত্বপূর্ণ সিদ্ধান্তেও যেতে পারছিলেন না। আমরা উনাকে আমাদের ওজন নিয়ন্ত্রণ প্রোগ্রামের খুটিনাটি সম্পর্কে বিস্তারিত জানাই। উনি আমাদের সেবা এবং আন্তরিকতায় মুগ্ধ হন। যথাযথ ব্যবস্থা নেবার পর আমরা তাকে শারীরিক এবং মানসিক ভাবে অপারেশনের বেপারে বিস্তারিত জানাই। উনি অপারেশনের মাধ্যমে শরীরের ওজন কমানোর জন্য ল্যাপারোস্কপ্র মাধ্যমে শ্লিভ গ্যস্ট্রেকটমী বা পাকস্থলির অপারেশন করাতে সম্মতি প্রদান করেন। এই অপারেশনের মাধ্যমে রোগির পাকস্থলির একটি বড় অংশ অপারশনের মাধ্যমে কেটে পাকস্থলি কে ছোট করা হয় যাতে করে রোগীর খুধা লাগার প্রবনতা কমে আসে যা পরোক্ষভাবে তার ওজন কমাতে সাহায্য করে। অত্র হাসপাতালের সনামধন্য জেনারেল ল্যাপারোসকপিক এবং হেপাটোবিলিয়ারি সার্জন ডা রাজীব হাসানের কাছে এই অপারেশন টি করিয়েছেন। অপারেশনের ৩ দিন পর রোগী কে আমরা ছুটি দিয়ে দেই। উনি এখন ভালো আছেন, নিজের স্বাভাবিক জীবন যাপন করছেন। স্থুলতা বা ওবেসিটি নিয়ে দুশ্চিন্তা না করে আমাদের সহযোগিতা নিন। আপনার বড় সমস্যায় আমাদের ক্ষুদ্র প্রয়াস ও অনেক সময় আপনার এবং আপনার পরিবারের জন্য অনেক বেশি মঙ্গলকর।

# সিসিইউ পরিসেবার উদ্বোধন


কার্ডিয়াক রোগীদের পরিপূর্ণ সেবা সুনিশ্চিত করবার লক্ষ্যে শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতালে সম্প্রতি করোনারি কেয়ার ইউনিট বা সি সি ইউ চালু করা হয়। বিগত ১লা অক্টোবর ২০২৩ হাসপাতালটির প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোহাম্মদ তওফিক বিন ইসমাঈল এই পরিসেবার শুভ উদ্বোধন করেন।

এতে থাকছে -
২৪ ঘন্টা নিবিড় পর্যবেক্ষণের ব্যবস্থা
এনজাইনা বা বুকে ব্যথা
হার্ট ফেইল্যুরের ম্যানেজমেন্ট
ক্যাথল্যাব ফ্যাসিলিটি
ইমার্জেন্সি এনজিওগ্রাম
এনজিওপ্লাস্টি
হার্টে পেসমেকার বসানো
হল্টার মনিটরিং ইত্যাদি
সহ হার্টের যাবতীয় চিকিৎসা পরিসেবা।



# বন্ধ্যাত্ব রোগের সর্বাধুনিক চিকিৎসা এখন আপনার হাতের নাগালেই


শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতাল নিঃসন্তান দম্পতি দের মুখে হাসি ফোটাতে উন্মোচন করেছে বন্ধ্যাত্ব চিকিৎসার এক নতুন দুয়ার। বিশ্ব সেরা সর্বাধুনিক চিকিৎসা হিসেবে সম্প্রতি হাসপাতালে আই.ইউ.আই (Intra uterine Insemination) চালু হয়েছে। মালেশিয়া থেকে আগত স্বনামধন্য বন্ধ্যাত্বরোগ চিকিৎসক ডাঃ মোহান রাজ ভারোথা রাজোর সরাসরি তত্ত্বাবধানে গত ২১ এবং ২২ শে অক্টোবর কেপিজে হাসপাতালে বন্ধ্যাত্ব রোগীদের বিশেষ চিকিৎসা সেবা প্রদান করা হয়। পরবর্তীতে ৬ ই জানুয়ারি ২০২৪ এ আমরা সফলভাবে আই.ইউ.আই পদ্ধতি টি শুরু করি। সর্বাধুনিক প্রযুক্তি এবং সুদক্ষ চিকিৎসকের মাধ্যমে সফল বন্ধ্যাত্ব চিকিৎসা এখন সাধ্য ও নাগালের মধ্যেই। এই বিশেষায়িত সেবা নিতে আপনারা যোগাযোগ করতে পারেন অত্র হাসপাতালের স্ত্রী এবং প্রসূতি রোগ বিভাগের নিয়মিত বিশেষজ্ঞ চিকিৎসক গণের সাথে। অদূর ভবিষ্যতে ওঠঋ (জরায়ুতে ভ্রূণ প্রতিস্থাপন) এর মতো সেবা আপনারা অনায়েসেই পেতে যাচ্ছেন শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতালের বন্ধ্যাত্ব রোগ চিকিৎসা এবং ম্যাটার্নিটি ক্লিনিকে।







Dr. Fatema Yasmin


Dr. Sayada Sanjidara Nupur


Dr. Syeda Huma Rahman

# ভারতের চেন্নাই এর বিখ্যাত এবং পেডিয়াট্রিক লিভার ট্রান্সপ্লান্টে গোটা বিশ্বে এক নাম্বার হাসপাতাল ডা. রেলা হাসপাতাল এর লিভার রোগ এবং ট্রান্সপ্লান্ট সার্জারীর আন্তর্জাতিক মান সম্পন্ন চিকিৎসা এখন শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতালে।

ঢাকার অদূরে গাজীপুরের কালিয়াকৈরে অবস্থিত শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতাল লিভার রোগ এবং ট্রান্সপ্লান্ট সার্জারীর আন্তর্জাতিক মান সম্পন্ন চিকিৎসা প্রদানের অভিপ্রায়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্টের পৃষ্ঠপোষকতায় এবং ভারতের চেন্নাই এর বিখ্যাত এবং পেডিয়াট্রিক লিভার ট্রান্সপ্লান্টে গোটা বিশ্বে এক নাম্বার হাসপাতাল ডা. রেলা হাসপাতাল এর সহযোগিতায় এক যৌথ লিভার ক্লিনিক চালু করতে যাচ্ছে। এ লক্ষ্যে ৮ ই অক্টোবর শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতালের অডিটোরিয়ামে এক সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্টের সম্মানিত সদস্য মেজর জেন (অবঃ) আবদুল হাফিজ মাল্লিক , ভারতের বিখ্যাত ডা.রেলা হাসপাতালের সম্মানিত পরিচালক এবং খ্যাতনামা লিভার ট্রান্সপ্লান্ট সার্জন প্রফেসর ডাঃ মোহাম্মদ রেলা, অত্র হাসপাতালের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোহাম্মদ তৌফিক বিন ইসমাইল, উপমহাদেশের প্রখ্যাত চক্ষুরোগ বিশেষজ্ঞ, সাবেক মহা পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর অধ্যাপক ডা. দীন মোহাম্মদ নূরুল হক, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের হেপাটোলজি বিভাগের খ্যাতনামা চিকিৎসক অধ্যাপক ডাঃ মামুন আল মাহতাব স্বপ্নীল সহ দুই হাসপাতালের উর্ধ্বতন কর্মকর্তা বৃন্দ। এদিন আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করা হয় ডা. রেলা ইন্সটিটিউট লিভার ক্লিনিক। এই লিভার ক্লিনিকে নিয়মিত রোগী দেখবেন ও পরামর্শ প্রদান করবেন ডাঃ রেলা হাসপাতালের লিভার রোগ এবং ট্রান্সপ্লান্ট বিশেষজ্ঞ চিকিৎসক গণ।





ডা.রেলা ইন্সটিটিউট - লিভার ক্লিনিক দুই দেশের বিশেষজ্ঞ চিকিৎসকগণ দ্বারা পরিচালিত যেখানে লিভার রোগ ও ট্রান্সপ্লান্ট, পিত্তথলি, অগ্যাশয়ের জটিল থেকে জটিলতর রোগের ওয়ান স্টপ সেবা প্রদান করবেন। প্রতি মাসের দ্বিতীয় সপ্তাহে ডা রেলা হাসপাতাল থেকে বিশেষজ্ঞ চিকিৎসক গণ নিয়মিত রোগী দেখার পাশাপাশি, ট্রান্সপ্লান্ট এবং পোস্ট ট্রান্সপ্লান্ট রোগীদের স্বাস্থ্য বিষয়ক পরামর্শ প্রদান করবেন। লিভার সিরোসিস, ফ্যাটি লিভার, লিভার ক্যান্সার, টিউমার, ক্রনিক লিভার ডিজিজ বা লিভার ফেইল্যুরের মতো অসুখে রোগীদের সর্বোত্তম সেবা দ্রুততম সময়ে নিশ্চিত করবার প্রয়াসেই এই লিভার সেন্টারের যাত্রা। ডা. রেলা হাসপাতালের সাথে শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতালের এই সমঝোতা স্মারকের মাধ্যমে প্রযুক্তিগত উন্নতি সাধন, মানব সম্পদ উন্নয়ন, দক্ষ চিকিৎসক এবং নার্সিং কেয়ার নিশ্চিত করার এক নতুন সম্ভাবনার দ্বার উন্মোচিত হলো। ডা.রেলা হাসপাতাল ভারতের চেন্নাইয়ে অবস্থিত দেশটির অন্যতম প্রধান একটি অর্গান ট্রান্সপ্লান্ট সেন্টার। সেই সাথে শিশুদের লিভার ট্রান্সপ্লান্টে গোটা বিশ্বে এক নাম্বার হাসপাতাল। ফার্স্ট ট্র্যাক এবং নিয়মিত সার্ভিস সুনিশ্চিত করতে থাকছে ভিডিও কনফারেন্সের মাধ্যমে টেলিমেডিসিনের সুযোগ। রিপোর্ট বা ফলোআপের জন্য রোগীগণ এই টেলিমেডিসিন সেবা থেকে উপকৃত হবেন। সমঝোতা স্মারক স্বাক্ষরের সময় লিভার রোগ ও ট্রান্সপ্লান্ট, পিত্তথলি, অগ্যাশয়ের যাবতীয় জটিল ও কঠিন রোগের চিকিৎসায় ডা.রেলা ইন্সটিটিউট ও শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতাল গুণগত এবং আন্তর্জাতিক মান সম্পন্ন সর্বাধুনিক চিকিৎসা নিশ্চিত করবার অঙ্গীকার এবং আশাবাদ ব্যক্ত করে।

# বিশ্ব ডায়াবেটিস দিবস উপলক্ষে সচেতনতা মূলক অনুষ্ঠান এবং র‍্যালির আয়োজন করা হয় কেপিজে ঢাকা হাসপাতালে

১৪ ই নভেম্বর বিশ্ব ডায়াবেটিস দিবস উপলক্ষে শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতালে আয়োজন করা হয় সচেতনতা মূলক আলোচনা অনুষ্ঠান এবং র‍্যালি। উক্ত আলোচনায় উপস্থিত ছিলেন অত্র হাসপাতালের মেডিকেল ডিরেক্টর ডা. রাজীব হাসান, উর্ধতন কর্মকর্তা বৃন্দ, বিশেষজ্ঞ চিকিৎসক গণ, হাসপাতালে সেবা নিতে আসা রোগীগণ সহ অনেকেই। অত্র হাসপাতালের ডায়াবেটিস ক্লিনিকের প্রধান এবং ডায়াবেটিস ও এন্ডোক্রাইনোলজিস্ট ডা. মোহাম্মদ মোস্তফা কায়সার। এ বছর ডায়াবেটিস দিবসের মূল প্রতিপাদ্য -"আপনার ঝুঁকি জানুন, প্রয়োজনীয় ব্যবস্থা নিন"। এ প্রতিপাদ্য কে সামনে রেখে মূল আলোচনায় উপস্থিত সকলকে ডায়াবেটিস এর ক্ষতিকর দিক সম্পর্কে বিস্তারিত দিক নির্দেশনা দেন ডা. মো মোস্তফা কায়সার। সচেতনতা এবং যথাযথ পদক্ষেপের মাধ্যম ডায়াবেটিস নিয়ন্ত্রণে আনা সম্ভব।






সাধারণ মানুষের মাঝে সচেতনতা তৈরী করার প্রয়াসে হাসপাতাল প্রাঙ্গণে আয়োজন করা হয় ফ্রী হেলথ্ চেক আপ। হাসপাতালে আগত সবাই এতে ফ্রী রক্তের গ্লুকোজ পরীক্ষা, ব্লাড প্রেসার এবং বি এম আই (উচ্চতা ওজন এর অনুপাত) পরীক্ষার সুযোগ পান। শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতালের ডায়াবেটিস ক্লিনিকে ১৪নভেম্বর থেকে ৩০ নভেম্বর পর্যন্ত ডায়াবেটিস রোগ নির্ণয়ের পরীক্ষা নিরিক্ষা এবং কনসালটেসনের উপর থাকছে বিশেষ ছাড়। মাস ব্যাপি চলতে থাকা এই ক্যাম্পেইনে অংশ নিন এবং ডায়াবেটিসের ঝুকি এড়িয়ে চলুন।

## ৮ম স্পোর্টস কার্নিভাল এবং কেপিজের ১০ বছর পূর্তি উদযাপন করা হয় ৩১শে ডিসেম্বর ২০২৩ এ। উক্ত অনুষ্ঠানের বর্ণাঢ্য আয়োজনের কিছু আলোকচিত্র






## ৮ম স্পোর্টস কার্নিভাল এবং কেপিজের ১০ বছর পূর্তি উদযাপন করা হয় ৩১শে ডিসেম্বর ২০২৩ এ। উক্ত অনুষ্ঠানের বর্ণাঢ্য আয়োজনের কিছু আলোকচিত্র





৮ম স্পোর্টস কার্নিভাল এবং কেপিজের ১০ বছর পূর্তি উদযাপন করা হয় ৩১শে ডিসেম্বর ২০২৩ এ। উক্ত অনুষ্ঠানের বর্ণাঢ্য আয়োজনের কিছু আলোকচিত্র







## ৮ম স্পোর্টস কার্নিভাল এবং কেপিজের ১০ বছর পূর্তি উদযাপন করা হয় ৩১শে ডিসেম্বর ২০২৩ এ। উক্ত অনুষ্ঠানের বর্ণাঢ্য আয়োজনের কিছু আলোকচিত্র






Courtesy
**Dr Umme Habiba Saima**
Specialist, Orthodontic &
Dentofacial Orthopedics.

KPJ HEALTHCARE
Care For Life

# শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল
# কেপিজে বিশেষায়িত হাসপাতাল

সি/১২, তেঁতুইবাড়ি, কাশিমপুর, গাজীপুর। ওয়েব: www.sfmmkpjsh.com

গ্রাহক সেবা কেন্দ্র ০২-৪৪০৭৭০৩০-৩১ ফোন: (+৮৮) ০১৮১০-০০৮০৮০